

# এনইএফ বৃত্তি পেল গাকুবির ১২ শিক্ষার্থী: দায়িত্ব আরও বেড়েছে-ভিসি

মাজহারুল ইসলাম, গাজীপুর

প্রকাশিত: ১৮:০২, ২ ডিসেম্বর ২০২৫



পরিবেশ সংরক্ষণে বিশেষ অবদান ও মেধার স্বীকৃতি হিসেবে গাজীপুর কৃষি  
বিশ্ববিদ্যালয়ের (গাকুবি) ১২ জন শিক্ষার্থী আন্তর্জাতিক নাগাও ন্যাচারাল  
এনভাইরনমেন্ট ফাউন্ডেশন (এনইএফ) বৃত্তি পেয়েছেন। নয়জন ছাত্রী ও  
তিনজন ছাত্রসহ সবাই স্নাতক দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। আজ মঙ্গলবার দুপুরে  
বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাইস-  
চ্যান্সেলর প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমান বৃত্তিপ্রাপ্তদের হাতে  
চেক তুলে দেন। প্রতিজন শিক্ষার্থী বার্ষিক ৩৮ হাজার টাকা হারে তিন বছর  
পর্যন্ত এই সহায়তা পাবেন। ভিসি বলেন, এই বৃত্তি শুধু আর্থিক সহায়তা নয়;  
বরং পরিবেশ সংরক্ষণ ও টেকসই উন্নয়ন অঙ্গীকারে তাদের দায়িত্ব আরও  
বাড়িয়ে দিল।

শিক্ষার্থীদের পক্ষে নাফিসা জানাত অমি জানান, মধ্যবিত্ত পরিবারের সন্তান হয়েও এমন আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়া আমার জন্য গর্বের। উচ্চশিক্ষা নিয়ে দেশের জন্য কাজ করতে চাই।

অনুষ্ঠানে প্রো-ভিসি প্রফেসর ড. ময়নুল হক, ট্রেজারার প্রফেসর ড. মোঃ সফিউল ইসলাম আফ্রাদ এবং এনইএফ বাংলাদেশ কমিটির কো-অর্ডিনেটর প্রফেসর ড. আমজাদ হোসেন উপস্থিত ছিলেন। গত অক্টোবরে গাঢ়বির ২০ জন শিক্ষার্থী একই বৃত্তি লাভ করায় আন্তর্জাতিক অঙ্গনে বিশ্ববিদ্যালয়ের সুনাম আরও দৃঢ় হয়েছে।